



ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

-----RESERVE BANK OF INDIA-----

www.rbi.org.in

আরবিআই/২০১২-১৩/১৬৫

ডিপিএসএস.সিও.সিএইচডি.নং.২৮৪/০৩.০৬.০৩/২০১২-১৩

অগাস্ট ১৩, ২০১২

সভাপতি এবং পরিচালন অধিকর্তা/ মুখ্য নির্বাহী আধিকারিক
আরআরবি সমেত সব তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ/
শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক/ রাজ্য সমবায় ব্যাঙ্ক/
জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক

মহাশয়া/ প্রিয় মহাশয়

স্থানীয় চেক নিকাশে বিলম্বের জন্য ক্ষতিপূরণ নির্ধারণ

আপনারা অবগত থাকতে পারেন, ব্যাঙ্কগুলির তাদের চেক সংগ্রহ নীতিতে (সিসিপি) স্থানীয় এবং বাইরের চেক আদায়ের জন্য সময় সীমা এবং বিলম্বে ক্রেডিট করা হলে তার জন্য দেয় ক্ষতিপূরণের পরিমাণ নির্দিষ্ট করা দরকার। যাইহোক, বিভিন্ন ব্যাঙ্কের চেক সংগ্রহ এবং ক্ষতিপূরণ নীতি সফল পর্যবেক্ষণের পর, দেখা গেছে যে, স্থানীয় চেক আদায়ে বিলম্বের ক্ষেত্রে কোনও ক্ষতিপূরণের উল্লেখ নেই। গ্রাহকের একাউন্টে স্থানীয় চেক সংগ্রহ নীতিতে নির্দিষ্ট সময় সীমার বেশি বিলম্বে ক্রেডিট করা হয়েছে বিলম্বের সময়ের জন্য কোনও ক্ষতিপূরণ ছাড়াই এমন উদাহরণ আমাদের দৃষ্টিগোচর হয়েছে।

২. এই প্রসঙ্গে, আমাদের নভেম্বর ২৪, ২০০৮ তারিখাঙ্কিত সার্কুলার ডিপিএসএস.সিও.(সিএইচডি) নং.৮৭৩/০৩.০৯.০১/২০০৮-২০০৯-এর উল্লেখ করা হয়েছে যেখানে বলা আছে, নিজ নিজ চেক সংগ্রহ নীতি মান্য করে ব্যাঙ্কগুলিকে স্থানীয় চেক সমেত চেক আদায়ের জন্য সময় সীমা নির্দিষ্ট করতে হবে। সার্কুলারের ৪(ii) অনুচ্ছেদে আরও বলা হয়েছে যে স্থানীয় চেকের ক্ষেত্রে, ব্যাঙ্ক, গ্রাহকের সংশ্লিষ্ট একাউন্টে ফিরত নিকাশ বন্ধের অব্যবহিত পরে ছায়া ক্রেডিট করার অনুমতি দেবে এবং কোনও কোনও ক্ষেত্রে, ওই একই দিনে অথবা পরের দিন কাজ শুরু হওয়ার এক ঘন্টার মধ্যে টাকা তোলায় অনুমতি দেওয়া হবে, অবশ্যই সাধারণ সুরক্ষা মেনে।

৩. উপরের পরিপ্রেক্ষিতে, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে স্থানীয় চেক সংগ্রহে বিলম্বিত সময়ের জন্য দেয় ক্ষতিপূরণ অন্তর্ভুক্ত করে তাদের চেক সংগ্রহ নীতি নূতন করে নির্মাণ করতে। যদি চেক সংগ্রহ নীতিতে স্থানীয় চেক আদায়ে বিলম্বের জন্য কোনও হার নির্দিষ্ট না থাকে, তবে সংশ্লিষ্ট বিলম্বের সময়ের জন্য সেভিংস ব্যাঙ্ক হারে সুদ দিতে হবে।

৪. বাইরের কেন্দ্রের চেক আদায়ের সময় এবং বিলম্বিত ক্রেডিটের জন্য ক্ষতিপূরণের প্রসঙ্গে, আমাদের নভেম্বর ২৪, ২০০৮ তারিখের সার্কুলারের অনুচ্ছেদ ৪(iii)-এর নির্দেশ অপরিবর্তিত থাকবে।

৫. ব্যাঙ্কগুলিকে মনে রাখতে বলা হচ্ছে যে তাদের চেক সংগ্রহ নীতির সংশোধিত নূপ শাখাগুলির প্রদর্শন বোর্ডের মাধ্যমে এবং তাদের ওয়েবসাইটে প্রচার করতে - আরও ভালো গ্রাহক পরিষেবা এবং তথ্যটির প্রচারের জন্য। চেক সংগ্রহ নীতির নব সংস্করণের প্রতিলিপি আমাদের কাছেও পাঠাতে হবে।

৬. উপরের নির্দেশিকাগুলি অর্থপ্রদান এবং নিষ্পত্তি প্রণালী আইন, ২০০৭ (২০০৭-এর ধারা ৫১)-এর ধারা ১৮-এর অধীনে জারি করা হয়েছে।

৭. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার এবং সেগুলির পালন নিশ্চিত করবেন।

আপনার বিশ্বস্ত,

(বিজয় চূষ)
মুখ্য মহাপ্রবন্ধক